ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৯৫৮

কুমারঘাট, ২০ আগস্ট, ২০২৪

**উনকোটি জেলাভিত্তিক মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুরের ১১৬তম জন্মবার্ষিকী**

আধুনিক ত্রিপুরার রূপকার মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুরের ঊনকোটি জেলাভিত্তিক জন্মজয়ন্তী গতকাল কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে নানা অনুষ্ঠানের মাধ্যমে উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুর শিক্ষা ও সংস্কৃতি সহ সবক্ষেত্রে ত্রিপুরাকে আধুনিক করার লক্ষ্যে কাজ করে গেছেন। এজন্য তাঁকে আধুনিক ত্রিপুরার রূপকার বলা হয়। অনুষ্ঠানে প্রধান বক্তার ভাষণে অবসরপ্রাপ্ত শিক্ষক বিকাশেন্দু দাস বলেন, শিক্ষা ও সংস্কৃতি সম্পর্কে মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুর বিশেষ সচেতন ছিলেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা। স্বাগত বক্তব্য রাখেন ঊনকোটি জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব। সভাপতিত্ব করেন সমাজসেবী পূর্ণমোহন দেববর্মা। অনুষ্ঠানে বিজু, চেরাও ও ধামাইল নৃত্য পরিবেশিত হয়। রবীন্দ্রনাথ ঠাকুরের বিসর্জন নাটক অবলম্বনে শ্রুতি নাটক পরিবেশন করে শ্রুতি পূরমের শিল্পীরা। আয়োজিত হয় ওপেন ক্যুইজ। এছাড়া মহারাজা বীরবিক্রম কিশোর মানিক্য বাহাদুরের জন্মজয়ন্তী উপলক্ষে ১৮ আগস্ট কুমারঘাট দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতার বিজয়ীদের এই অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়।

*****